দৈনিক বাংলা

তারিখ 20/12/79
পৃষ্ঠা 1 কলাম 2



## একাট্টা হয়ে উৎপাদন বৃদ্ধির চেষ্টা না করলে দেশে সংকট দেখা দেবে

# খনন করা সব খাল জিয়া পরিদর্শন করবেন

কেরাণীগঞ্জ (ঢাকা), ১৯শে ডিসেম্বর (বসস)।—প্রেসিডেন্ট জিয়াউর রহমান এখানে সুনির্দিষ্টভাবে বলেছেন, "বিপ্লব"-এর প্রধান লক্ষ্য হচ্ছে বাংলাদেশকে একটি সত্যিকার উন্নত দেশ করে গড়ে তোলা, যেখানে সব নাগরিক শান্তিপূর্ণ এবং সমৃদ্ধ জীবন যাপন করবে।

প্রেসিডেন্ট আজ সকালে এখানে 'বুড়িগঙ্গা সেচ প্রকল্প' উদ্বোধন করছিলেন। উদ্বোধন প্রসঙ্গে তিনি বুদ্ধিজীবীসহ সর্বস্তরের জনগণের প্রতি বাংলাদেশ জাতীয়তাবাদী দলে (বিএনপি) যোগদানের মাধ্যমে দেশের উন্নয়নে সাহায্য করার আহ্বান জানান।

প্রেসিডেন্ট বলেন, "সনাতন" ভাবে দেশের ক্রমবর্ধমান সমস্যাবলীর সমাধান করা যাবে না। উল্লেখ্য, এর আগেই সরকার এই বিপ্লবের সূচনা করেছেন।

দেশের সমস্যাবলীর উদ্ভব প্রসঙ্গে প্রেসিডেন্ট জিয়া বলেন, দীর্ঘ দুশো বছরের ঔপনিবেশিক শাসন ও জনগণের স্বার্থের প্রতি ভ্রূক্ষেপহীন ব্যক্তিদের শাসনের ফলেই এসব সমস্যার উদ্ভব ঘটে। এসব দীর্ঘস্থায়ী সমস্যার সমাধানের জন্যে বিপ্লবী কর্মসূচীর মাধ্যমে একটি আমূল পরিবর্তন সাধন করা দরকার।

প্রেসিডেন্ট এক বিশাল জনতার উদ্দেশে ভাষণ দেন। জনতা প্রকল্পে অংশগ্রহণ করে। ভাষণপ্রসঙ্গে প্রেসিডেন্ট বলেন, খনন ও পুনর্খনন কাজ শেষ হবার পর তিনি সবকটি খাল পরিদর্শন করবেন।

জনতাকে তিনি একথাও স্মরণ করিয়ে দেন যে সারা দেশের লোক যদি একাট্টা হয়ে কাজ না করে এবং উৎপাদন বাড়ানোর জন্যে যথাসাধ্য চেষ্টা না চালায় তাহলে দেশ সংকটের সম্মুখীন হবে। শুধু বিদেশী সাহায্য-সহযোগিতার ওপর ভরসা করে কেন দেশ উন্নতি করতে পারে না।

উদ্বোধনী অনুষ্ঠানে বন্দর, জাহাজ চলাচল ও অভ্যন্তরীণ নৌ পরিবহণ মন্ত্রী ক্যাপ্টেন (অবঃ) নুরুল হক, অর্থ প্রতিমন্ত্রী জনাব আতাউদ্দিন খান এবং স্থানীয় সংসদ সদস্যরাও বক্তৃতা করেন।

এ প্রকল্পের ২৫-মাইল দীর্ঘ খাল খননের কাজ সম্পন্ন হলে শুষ্ক মওসুমে প্রায় দশ হাজার একর জমিতে চাষাবাদের সুবিধা হবে।

সরকারী সূত্রে জানা গেছে, শীত মওসুমে এই খাল অতিরিক্ত এক লাখ মন খাদ্যশস্য উৎপাদনে সহায়ক হবে।



প্রেসিডেন্ট জিয়াউর রহমান বুধবার কেরানীগঞ্জ থানার কালিন্দী ইউনিয়নের খাগাইল খাল খনন প্রকল্পের কাজ পরিদর্শন করেন।